স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

সহায়ক পাঠক্রম

(সাবসিডিয়ারি - ১)

বাংলা (প্রথম পত্র)

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ ২০ × ২ = ৪০

(ক) বাঙালি জাতি ও বাংলার সংস্কৃতির সংক্ষিপ্ত পরিচয় দিন। ৮ + ১২

(খ) বাংলার পদাবলী সাহিত্যে বিদ্যাপতির অবদান আলোচনা করুন। বিদ্যাপতিকে 'অভিনব জয়দেব' বলা হয় কেন ? ১৬ + ৪

(গ) বাংলার সমাজ-সাহিত্য-সংস্কৃতিতে শ্রীচৈতন্যের প্রভাব আলোচনা করুন।

(ঘ) আরাকান রাজসভার কবি আলাওলের কবি প্রতিভার পরিচয় দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঙ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল অষ্টাদশ শতকের সর্বশ্রেষ্ঠ কাব্য। — আলোচনা করুন।

(চ) বাংলা গদ্যের বিকাশে মিশনারীদের অবদান আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ ১২ × ৩ = ৩৬

(ক) ঈশ্বর গুপ্ত বাংলা সাহিত্যের সন্ধিযুগের কবি-সাংবাদিক। তাঁর রচনায় মধ্য ও আধুনিক যুগের সংমিশ্রণ দেখা যায়। — আলোচনা করুন।

(খ) বাংলা গদ্যশিল্পের বিকাশে বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করুন।

(গ) বাংলা কাব্যে মধুসূদন দত্তের অবদান আলোচনা করুন।

(ঘ) বাংলার তিনজন মহিলা কবি ও তাঁদের কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ঙ) কলিকাতার শৌখিন নাট্যাভিনয় থেকে ন্যাশনাল থিয়েটারে উত্তরণের পর্যায়গুলি সংক্ষেপে বর্ণনা করুন।

(চ) নট ও নাট্যকার হিসেবে গিরিশচন্দ্রের অবদান আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) রবীন্দ্র-সমকালীন দুজন কবির কাব্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) 'বিংশ শতাব্দীর তৃতীয় দশক — নজরুলের দশক।' মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

(গ) জীবনানন্দ দাশ ও সুভাষ মুখোপাধ্যায় — কবিতার দুটি মেরুর বাসিন্দা। উদাহরণসহ মন্তব্যটির সারবত্তা বিচার করুন।

(ঘ) প্রাচীন বাংলাভাষার ছ'টি লক্ষণ উদাহরণসহ উল্লেখ করুন।

(ঙ) আধুনিক বাংলা গদ্য সাহিত্যে ব্যবহৃত চলিত ভাষার বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করুন।

(চ) শব্দার্থ পরিবর্তনের সূক্ষ্ম কারণগুলি উদাহরণসহ আলোচনা করুন।

(ছ) দেশি, প্রাদেশিক, বিদেশী, আগন্তুক বা কৃত-ঋণ শব্দের উদাহরণসহ সংক্ষিপ্ত পরিচয় দিন।

(জ) নিচের শব্দগুলির উৎস নির্দেশ করুন (ছয়টি) :
হরতাল, ঘুগনি, পেঁপে, কোম্পানি, বোচ্‌কা, আইন, জাহাজ, ডাব।